

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ



সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২০-২১ অর্থবছরের ষষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব
সভার তারিখ	১৪ জুন ২০২১
সভার সময়	বেলা ১১.০০টা
স্থান	Zoom Online Platform
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য সূচি-১:** সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ;

**১.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অসম্পন্ন কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ব্যতীত অন্যান্য অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী সম্পন্ন হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়।

**১.২ সিদ্ধান্ত:** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের একটি কর্মশালা আয়োজন অসম্পন্ন থাকায়, তা দ্রুততম সময়ের মধ্যে জুম অনলাইন প্ল্যাটফর্মে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.০ আলোচ্য সূচি-২:** সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন ও সেবা সহজিকরণের প্রকাশনার তথ্য চূড়ান্তকরণ;

**২.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দকে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ইতোমধ্যে প্রস্তুতকৃত খসড়া “সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের উদ্ভাবন ও সেবা সহজিকরণসূহ, ২০২০-২০২১” প্রকাশনা উপস্থাপন করা হয়। খসড়া প্রকাশনার উত্তম চর্চাসমূহ, প্রসেস ম্যাপ, টিসিভি, ফটোগ্যালারি, গুরুত্বপূর্ণ কার্যক্রমের প্রতিবেদনের উপর সভায় উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রদান করেন।

**২.২ সিদ্ধান্ত:**

(ক) উত্তমচর্চাসমূহে উল্লেখিত বিভিন্ন পরিসংখ্যান পুনরায় যাচাই-বাছাই করা করতে হবে।

(খ) টিসিভি এবং প্রসেস করে পাশাপাশি রাখা হবে।

(গ) ফটোগ্যালারিতে সম্প্রতি সম্পন্ন হয়েছে এমন উদ্ভাবন ও সেবা সহজিকরণ সম্পর্কিত ছবি যোগ করা হবে।

(ঘ) সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ কর্তৃক সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যক্রমের (উদ্ভাবন ও সেবা সহজিকরণ সম্পর্কিত) ১ (এক) পাতার প্রতিবেদন প্রকাশনায় অর্ন্তভুক্ত করতে হবে।

৩.০ আলোচ্য সূচি-৩: সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইট আপলোড/আপডেট পর্যালোচনা (e-Government Development Index Implementation):

৩.১ আলোচনা: মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ জানুয়ারি ২০২১ তারিখ এবং ১৩ নং স্মারকমূলে প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক e-Government Development index-এ র্যাংকিং উন্নতির জন্য এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসের ওয়েবসাইটে তথ্য সংযোজন ও হালনাগাদের কার্যক্রম জোরদার করার লক্ষ্যে সভার বিস্তারিত আলোচনা করা হয়।

৩.২ সিদ্ধান্ত:

(ক) সুরক্ষা সেবা বিভাগ হতে ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখ এবং স্মারক নং ২৭-এর মাধ্যমে বর্ণিত বিষয়ে প্রেরিত পত্রটি (প্রতিবেদন প্রেরনের ফরম্যাটসহ) পুনরায় অধিদপ্তরসমূহে প্রেরন করতে হবে।

(খ) প্রতি ৩ (তিন) মাস পরপর অধিদপ্তরসমূহ স্ব স্ব মাঠ পর্যায়ের অফিসের ওয়েবসাইটের হালনাগাদ তথ্য প্রদত্ত ফরম্যাট অনুযায়ী প্রতিবেদন প্রস্তুতপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. তরুণ কান্তি শিকদার  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.৯৯

তারিখ: ৮ আষাঢ়. ১৪২৮  
২২ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) জনাব নিপু হালদার, সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর প্রশাসনিক কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আবদুল কাদির  
উপসচিব